গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
www.bijoynagar.brahmanbaria.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২০৭.০০০.৩২.০০১.২৪.১১৬

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

# ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজয়নগর উপজেলাধীন নিম্নেউল্লেখিত “ক” তফসিল বর্ণিত ইজারাযোগ্য হাট-বাজারসমূহ কেবলমাত্র ১৪৩১ বাংলা সনের [১ লা বৈশাখ ১৪৩১ হতে ৩০শে চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত] ০১ [এক] বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত “খ” তফসিল বর্ণিত সিডিউল ও শর্তমতে হাট-বাজার ইজারা গ্রহনেচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১. দরপত্র/সিডিউল ফরম প্রাপ্তির স্থান :
(ক) জেলা প্রশাসকের কার্যালয় [ স্থানীয় সরকার শাখা], ব্রাহ্মণবাড়িয়া।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
(গ) উপজেলা ভূমি অফিস, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
(ঘ) বিজয়নগর থানা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
(ঙ) সোনালী ব্যাংক লিমিটেড, বিজয়নগর শাখা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

০২. দরপত্র/সিডিউল ফরম দাখিলের স্থান :
(ক) জেলা প্রশাসকের কার্যালয় [ স্থানীয় সরকার শাখা], ব্রাহ্মণবাড়িয়া।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
(গ) উপজেলা ভূমি অফিস, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

## ০৩. হাট-বাজারের তালিকা তফসিল-“ক”

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩১ বাংলা সনের সম্ভাব্য সরকারি ইজারা মূল্য | দরপত্র/সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| বিজয়নগর | চান্দুরা | চান্দুরা তোহা বাজার | ১৭,২০৭/- | ৫০০/- |
| | | চান্দুরা গরুর বাজার | ২,০০২০০/- | ১২০০/- |
| | | আমতলী তোহা বাজার | ৪৯,৮৯০/- | ৫০০/- |
| | বুধন্তী | ইসলামপুর তোহা বাজার | ১০,০৭০/- | ৫০০/- |
| | | সাতবর্গ তোহা বাজার | ১৯,০৮০/- | ৫০০/- |
| | | সাতবর্গ খাতাবাড়ি গরুর বাজার | ১,০৮,৪৭৩/- | ১০০০/- |
| | হরষপুর | হরষপুর গরুর বাজার | ১৮,৩৪,৭১৯/- | ৪৪০০/- |
| | | হরষপুর তোহা বাজার | ২,১৪,৩৩২/- | ১,২০০/- |
| | | হরষপুর খেয়াঘাট বাজার | ২৯,৬৪৫/- | ৫০০/- |
| | চম্পকনগর | নুরপুর তোহা বাজার | ৬৫,৯৩২/- | ৫০০/- |
| | | নুরপুর গরুর বাজার | ২,৩৬,৬৬৩/- | ১,২০০ |
| | সিংগারবিল | সিংগারবিল তোহা বাজার | ২,৫৯,৩৪৭/- | ১,২০০/- |
| | | মেরাশানী বাজার | ৯১,৮৬৮/- | ৫০০/- |
| | পাহাড়পুর | আউলিয়া বাজার | ২,৭৫,৭৭৭/- | ১,২০০/- |
| | | পাহাড়পুর বাজার | ৩৫,৩৩৩/- | ৫০০/- |
| | ইছাপুরা | আড়িয়ল বাজার | ১০৩১৭/- | ৫০০/- |
| | বিষ্ণুপুর | বিষ্ণুপুর রানওয়ে বাজার | ৪,৮৪০/- | ৫০০/- |

## ০৪. দরপত্র বিক্রয় ও গ্রহণ সংক্রান্ত তফসিল-“খ”

| ধাপ/পর্যায় | দরপত্র/সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | | | দরপত্র খোলার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | তারিখ | হতে | পর্যন্ত | | |
| ১ম পর্যায় | ২৫.০২.২০২৪ খ্রি. | ২৭.০২.২০২৪ খ্রি. | সকাল-১০:০০ টা | দুপুর-১:০০টা | বিকাল-২:০০ টা | --- |
| ২য় পর্যায় | ০৪.০২.২০২৪খ্রি. | ০৫.০২.২০২৪ খ্রি. | সকাল-১০:০০ টা | দুপুর-১:০০টা | বিকাল-২:০০ টা | ১ম পর্যায় ইজারাকৃত হাট/বাজার ব্যতীত |
| ৩য় পর্যায় | ১২.০৩.২০২৪ খ্রি. | ১৩.০৩.২০২৪খ্রি. | সকাল-১০:০০ টা | দুপুর-১:০০টা | বিকাল-২:০০ টা | ১ম-২য় পর্যায় ইজারাকৃত হাট/বাজার ব্যতীত |
| ৪র্থ পর্যায় | ২০.০৩.২০২৪ খ্রি. | ২১.০৩.২০২৪ খ্রি. | সকাল-১০:০০ টা | দুপুর-১:০০টা | বিকাল-২:০০ টা | ১ম-৩য় পর্যায় ইজারাকৃত হাট/বাজার ব্যতীত |
| ৫ম পর্যায় | ২৭.০৪.২০২৪ খ্রি. | ২৮.০৪.২০২৪ খ্রি. | সকাল-১০:০০ টা | দুপুর-১:০০টা | বিকাল-২:০০ টা | ১ম-৪র্থ পর্যায় ইজারাকৃত হাট/বাজার ব্যতীত |

CamScanner

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তবলীঃ

১। ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ বাংলা সনের ৩০শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা কার্যকর থাকবে। এছাড়াও সরকারি প্রচলিত সকল বিধি বিধান প্রযোজ্য হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর,ব্রাহ্মণবাড়িয়া এর অনুকুলে জমা দিতে হবে অন্যাথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর অনুকুলে ফেরত প্রদান করা হবে।

০৩। যাহার দরপত্র গৃহিত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ হাট-বাজারের চলতি হিসাব নম্বর-১৪২৪২০০০০০০০১ জমা প্রদান এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট (মুল্য সংযোজন কর) কোড নম্বর-১-১১৩৩-০০৪০-০৩১১ ও ১০% আয়কর কোড নম্বর- ১-১-১১৪১-০১৩০-০১১১ এ আবশ্যিক ভাবে জমা প্রদান করে; ব্যাংক জমার স্লীপ ও চালান জমার মুল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যাক্রম গ্রহন করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের ইজারা মুল্য (সরকারী মুল্য) হইতে কম হয়; তা হইলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার আহবান করা সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর ইজারামুল্য (সরকারী মুল্য) হইতে কম হয়;তা হলে সন্তোষজনক /কাঙ্খিত দর না পাওয়া পর্যন্ত "খ" তফসিলে বর্নিত দিনপঞ্জিকায় উল্লিখিত তারিখ সমুহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এর জন্য আলাদা কোন দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

০৫। এক বছরের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য কোন বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। এক পর্যায়ের বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ের অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করতে হবে। এ নিয়মের কোনরুপ ব্যত্যয় ঘটলে আইনানুগ ভাবে ইজারা বাতিল করা হবে।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর থাকতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট লিজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তির শর্ত লঙ্ঘন করা হয় ; তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারাদার সমস্ত অর্থ (আয়কর, ভ্যাট সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রের দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নিধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করতে হবে।

১৬। হাট-বাজারের ইজারার অনাদামী দাবী আদায় আইন অনুযামী সাটিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। দরপত্র তফসিলে বর্নিত পর্যায়ের তারিখে কোন হাট-বাজারের ইজারা সম্পন্ন হলে ঐ হাটের জন্য পরবর্তী ডাকের বিষয়টি প্রযোজ্য হবে না।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১২/০২/২৪
মোঃ মেহেদি হাসান খান শাওন
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
unobijoynagar@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২০৭.০০০.৩২.০০১.২৪.১১৬

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২। পুলিশ সুপার,ব্রাহ্মণবাড়িয়া।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। সহকারী কমিশনার (ভূমি),বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৫। উপজেলা ........................................................ বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৬। অফিসার-ইনচার্জ,বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৭। চেয়ারম্যান, .............................ইউপি(সকল) বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৮। সম্পাদক,দৈনিক .................................... , ব্রাহ্মণবাড়িয়া। তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি ০১ দিনের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নুরপুর/আউলিয়া বাজার/বুধন্তি/হরষপুর/বিষ্ণুপুর ইউনিয়ন ভূমি অফিস, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করে তামিল প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক........................................................ বাজার কমিটি ..................................... ইউপি, বিজয়নগর,ব্রাহ্মণবাড়িয়া।
১১। জনাব ...................................... .................. পূর্ব বৎসরের ইজারাদার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
১২। সংরক্ষণ নথি।

১২/০২/২৪
মোঃ মেহেদী হাসান খান শাওন
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
unobijoynagar@mopa.gov.bd

CS CamScanner